| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

Leave blank

General Certificate of Secondary Education
June 2006

**BENGALI**
**Reading Test**
**Higher Tier**

**3636/RH**

# H

Tuesday 13 June 2006 9.00 am to 9.50 am

**You will need no other materials.**

Time allowed: 50 minutes

**Instructions**
- Use blue or black ink or ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions.
- Answer the questions in the spaces provided.
- In **Section A** answer the questions in **Bengali**.
- In **Section B** answer the questions in **English**.
- Write neatly and put down **all** the information you are asked to give.

**Information**
- The maximum mark for this paper is 45.
- The marks for questions are shown in brackets.
- You must **not** use a dictionary at any time during this test.

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Page | Mark | Page | Mark |
| 2/3 | | 10/11 | |
| 4/5 | | 12/13 | |
| 6/7 | | | |
| 8/9 | | | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| TOTAL | | | |
| Examiner's Initials | | | |

LEAVE MARGIN BLANK

# ক বিভাগ

## প্রশ্ন ও উত্তর বাংলায় দিতে হবে

1 বাংলা নতুন বছর সম্বন্ধে নিচের নোটিসটি পড়ছো।

**এসো হে বৈশাখ**

**বাংলা ১৪১৩ সন**

**আমাদের অনুষ্ঠান-সূচি**

| | |
|---|---|
| ১ কোরাস গান | "এসো হে বৈশাখ" |
| ২ নজরুল-গীতি | দেবাশিস রায় |
| ৩ নাচ | সুমনা খান |
| ৪ কবিতা পাঠ | মিলি ঘোষ |
| ৫ আধুনিক গান | নায়লা হক |

রবিবার ১৪ই এপ্রিল
বিকাল ৩টা থেকে ৫টা
মার্টন হল, লন্ডন

নিচের প্রশ্নগুলির উত্তর লেখো:

(ক) অনুষ্ঠানে দেবাশিস রায় কি করবেন?

..............................................................................................................................

*(1 mark)*

(খ) কে কবিতা পাঠ করবেন?

..............................................................................................................................

*(1 mark)*

(গ) অনুষ্ঠান কোথায় হবে?

..............................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

**2** তুমি নিচের লেখাটি পড়ছো।

> রীতা: আমি ছোটো ছেলেমেয়েদের সঙ্গে কাজ করতে ভালোবাসি। ভাবছি একটা নার্সারিতে কাজ করবো।
>
> জামিল: বই পড়া আমার নেশা। তাই লাইব্রেরিতে একটা কাজ পেলে খুশি হবো।
>
> মিলি: রোগীদের সেবা করতে আমার ভালো লাগে। আমি হাসপাতালে কাজ করতে চাই।
>
> অমিত: আমার মামার একটা কম্পিউটারের দোকান আছে। সেখানে কাজ করবো।
>
> মায়া: ফুল আমার খুব প্রিয়। তাই ফুলের দোকানে কাজ করতে চাই।

**কি ধরনের কাজ**

| | |
|---|---|
| ক | লাইব্রেরির কাজ |
| খ | হাসপাতালের কাজ |
| গ | নার্সারির কাজ |
| ঘ | ব্যাংকের কাজ |
| ঙ | ফুলের দোকানে কাজ |
| চ | কম্পিউটারের কাজ |

কে কি কাজ করতে চায়? বাক্সে ঠিক অক্ষর লেখো:

| | | |
|---|---|---|
| জামিল | | *(1 mark)* |
| মায়া | | *(1 mark)* |
| রীতা | | *(1 mark)* |

6

**Turn over ▶**

**3** লেখাটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

> সেদিন আমার বান্ধবী সোনালিকে দুঃখ করে বলছিলাম, “জানিস, আমার মনটা যেন একটা চায়ের ছাকনির মতো। কিছুই মনে রাখতে পারি না। কালকের কথা দুরে থাক, আজ সকালে কি হয়েছে মনে নেই।” কদিন পরে দেখি, ও আমাকে পোস্টে একটি ডাইরি পাঠিয়েছে। সঙ্গে একটি ছোটো কাগজে লেখা, “আশা করি, এখন থেকে তোর সব কিছু মনে রাখা সহজ হবে।” সেই দিন থেকে আমি প্রতিদিন আমার প্রিয় ডাইরিরর পাতায় স্মরণীয় ঘটনাগুলি লিখে রাখি। তার কোনোটা হয়তো আনন্দের, কোনোটা দুঃখের। কিন্তু যে-কোনো সময়ে, যে-কোনো জায়গায়, ইচ্ছা করলেই এখন আমি ডাইরির পাতা উল্টিয়ে, পুরোনো দিনগুলো মনে করতে পারি।

(ক) লেখক তাঁর মনের সঙ্গে কিসের তুলনা করেছেন? কেন করেছেন?

..............................................................................................................................

..............................................................................................................................

*(2 marks)*

(খ) সোনালি তাঁকে কি পাঠিয়েছিলো?

..............................................................................................................................

*(1 mark)*

(গ) ডাইরি লেখার সুবিধা কি?

..............................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

**4** নিচের লেখাটি ভালো করে পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

> রীতা কাজ থেকে তার গাড়িতে বাড়ি ফিরছিলো। হঠাৎ দেখলো একজন বুড়ো মহিলা রাস্তার মাঝখানে নিচু হয়ে কি যেন করছেন। সে জোরে ব্রেক করে গাড়ি থামালো। ফলে পেছনের গাড়িটা হঠাৎ করে তার গাড়িতে ধাক্কা দিলো। ভাগ্য ভালো রীতার কোনো আঘাত লাগেনি। সে আর তার পেছনের গাড়ির ড্রাইভার গাড়ি থেকে বাইরে এসে দাঁড়ালো। কিন্তু অবাক কাণ্ড! বুড়ো মহিলাটি রাস্তা থেকে কি যেন একটা জিনিস তুলে, কোনো কথা না-বলে হাঁটা দিলেন।
>
> এর পরে পুলিস এলো। সে তাদের কথা বিশ্বাস করলো না। ভাগ্য ভালো একজন সাক্ষী ছিলো। ঘটনাটি সে আগাগোড়া দেখেছিলো। তার কাছে ওরা শুনলো যে, মহিলা তাঁর নকল দাঁত খুঁজছিলেন। রাস্তা পার হবার সময়ে হঠাৎ ওটা তাঁর মুখ থেকে পড়ে যায়। সাক্ষী আরও বললেন যে, তিনি মহিলাকে বিড় বিড় করে বলতে শুনেছেন, "হায়রে! আমার সোনার দাঁতটা কোথায় গেলো?"

(ক) রীতা কোথায় যাচ্ছিলো? ঠিক উত্তরের নম্বর নিচের বাক্সে লেখো।

(১) পুলিসের কাছে
(২) অফিসে
(৩) বাড়িতে

☐ *(1 mark)*

(খ) রীতা হঠাৎ গাড়ি থামাবার ফলে কি হলো? ঠিক উত্তরের নম্বর নিচের বাক্সে লেখো।

(১) সে আঘাত পেলো
(২) পেছনের গাড়িটা তার গাড়িতে ধাক্কা দিলো
(৩) পেছনের গাড়ির ক্ষতি হলো

☐ *(1 mark)*

(গ) বুড়ো মহিলা কি খুঁজছিলেন? সঠিক উত্তরের নম্বর নিচের বাক্সে লেখো।

(১) লাঠি
(২) চশমা
(৩) নকল দাঁত

☐ *(1 mark)*

7

**Turn over ▶**

LEAVE
MARGIN
BLANK

**5** তুমি নিচের নোটিসটা পড়ছো।

> **চাকরি খালি**
>
> সোনারগাঁ হোটেল
>
> রিসেপশনে কাজ করার জন্যে একটি পদ খালি আছে। প্রধান কাজ হলো – টেলিফোনে কথাবার্তা বলা আর কাস্টমারদের সাহায্য করা। আবেদনকারীর ভালো বাংলা এবং ইংরেজি জানতে হবে। এ ছাড়া কম্পিউটারের কাজ জানা দরকার। আবেদন করার শেষ তারিখ আগামী ৩০শে জুন।

নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

(ক) ক'টি পদ খালি আছে?

.......................................................................................................................................

*(1 mark)*

(খ) কি কি কাজ করতে হবে?

.......................................................................................................................................

.......................................................................................................................................

*(2 marks)*

(গ) কি কি ভাষা জানতে হবে?

.......................................................................................................................................

.......................................................................................................................................

*(2 marks)*

LEAVE MARGIN BLANK

**6** তুমি স্কুল থেকে এই চিঠিটা বাড়িতে এনেছো।

**জুলিয়ান স্কুল**

প্রিয় অভিভাবক,

আগামী বছর যেসব ছাত্রছাত্রী ভর্তি হবে, তাদের এবং তাদের অভিভাবকদের জন্যে আগামী বুধবার **১৯**শে মার্চ বিকাল সাড়ে চারটা থেকে সন্ধ্যা সাতটা পর্যন্ত একটা মিটিং-এর আয়োজন করা হয়েছে। এদিন তাঁদের স্কুলের বিভিন্ন এলাকা ঘুরিয়ে দেখানো হবে। হেডটীচার তাঁদের বিভিন্ন বিষয়ের টীচারদের সঙ্গে পরিচয় করিয়ে দেবেন। কারো কোনো প্রশ্ন থাকলে তাঁরা সেটা এখানে আলোচনা করতে পারবেন। এই গুরুত্বপূর্ণ মিটিং-এর প্রস্তুতির জন্যে বুধবার লান্‌চের পর ছুটি হবে। ছাত্রছাত্রীরা তখন বাড়ি যেতে পারবে।

মিসেস জোনস

নিচের ডান দিকের বাক্‌সে এইভাবে উত্তর দাও:

| | |
|---|---|
| হ্যাঁ | ✓ |
| না | ✗ |
| জানা নেই | ? |

| | | | |
|---|---|---|---|
| উদাহরণ | এই চিঠিটা তোমার অভিভাবকদের জন্যে | ✓ | |
| | ২৯শে মার্চ মিটিং হবে | | *(1 mark)* |
| | মিটিং সাতটার সময়ে শেষ হবে | | *(1 mark)* |
| | টীচারদের সঙ্গে দুই মিনিট করে কথা বলা হবে | | *(1 mark)* |
| | বুধবারে লান্‌চের পরে ছুটি হবে | | *(1 mark)* |

9

**Turn over ▶**

LEAVE MARGIN BLANK

7 লেখাটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

ঢাকা শহরে অন্যান্য যানবাহনের তুলনায় রিকশা অনেক বেশি। লন্ডনকে যেমন কালো ট্যাকসি ছাড়া ভাবা যায় না, ঢাকা শহরকে তেমনি রিকশা ছাড়া ভাবা অসম্ভব। রিকশার মতো কারুকার্য করা যানবাহন পৃথিবীর খুব কম দেশেই আছে। নানা রকম বিষয় নিয়ে রিকশার চারদিকে নানা রকম ছবি আঁকা হয়। যেমন যুদ্ধের ঘটনা, সিনেমার নায়ক-নায়িকার ছবি, প্রাকৃতিক দৃশ্য অথবা ধর্মীয় ছবি।

রিকশা শস্তায় যাতায়াতের একটি বাহন। কিন্তু এর সংখ্যা এতো বেড়ে গেছে যে, এখন ঢাকার রাস্তাঘাটে ট্র্যাফিক জ্যাম লেগেই থাকে।

তবে রিকশার কিছু ভালো দিকও আছে। হাজার হাজার গরিব মানুষ রিকশা চালিয়ে আয় করে। সারাদিন রিকশা চালিয়ে মালিকের পাওনা মিটিয়ে, যে ক'টি টাকা হাতে থাকে, সেটা দিয়ে অসংখ্য গরিব মানুষ খেয়ে-পরে বাঁচছে। এ ছাড়া, রিকশার আরো একটি সুবিধা হলো এই যে, এটা পরিবেশ দূষিত করে না।

(ক) রিকশায় যেসব বিষয়ে ছবি আঁকা হয়, তার দুটি উল্লেখ করো।

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

(খ) অতিরিক্ত রিকশার জন্যে ঢাকায় এখন কি অসুবিধা হচ্ছে?

..........................................................................................................................

*(1 mark)*

(গ) রিকশার দুটি ভালো দিক সম্বন্ধে লেখো।

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

LEAVE MARGIN BLANK

**8** লেখাটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর লেখো।

> মাঝেমাঝে কাউকে "না" বলা কঠিন হয়। বিশেষ করে, বন্ধুবান্ধবরা যখন চাপ দেয় যে, আমরা সব সময় তাদের চালচলন নকল করবো, তখন মুশকিলে পড়তে হয়। যেমন, ইচ্ছা না-থাকলেও অনেকে বন্ধুদের দেখাদেখি সিগারেট খায়, অথবা স্কুল পালিয়ে সিনেমায় যায়। বন্ধুদের কথায় কাজ করতে গিয়ে তাদের ভবিষ্যতে কি ক্ষতি হবে, তা ভাবে না।
>
> কিন্তু কোনো কোনো সময়ে "না" বলা দরকার। আমাদের সকলেরই দুটি মূল্যবান সম্পদ আছে – শরীর আর মন। এদের উপর কারো প্রভাব সহ্য করা উচিত নয়। কাউকে কষ্ট না-দিয়েও নানাভাবে আমরা "না" বলতে পারি। "আমি দুঃখিত, এটা আমি পছন্দ করি না" বা "ধন্যবাদ, কিন্তু এটা আমি করি না" – এভাবে বললে লোকে বুঝতে পারবে যে, আমারও নিজের মতামত আছে। অন্যেরা আমাদের সম্মান করতে শিখবে।

(ক) বন্ধুদের দেখাদেখি অনেকে কি করে? একটি বিষয় লেখো।

..........................................................................................................................

*(1 mark)*

(খ) কোন কোন জিনিসকে লেখক মূল্যবান সম্পদ বলে মনে করেন?

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

(গ) ভদ্রতার সঙ্গে কিভাবে "না" বলা যায়? একটি উদাহরণ দাও।

..........................................................................................................................

*(1 mark)*

9

**Turn over ▸**

**9** লেখাটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর লেখো।

## বিশ্বকাপ ফুটবল

পৃথিবীতে কতো রকম খেলা। কিন্তু সবার সেরা ফুটবল। এ খেলা বোঝা যেমন সহজ, তেমনি তা উত্তেজনায় ভরা। সেই ফুটবলের বিশ্বকাপ প্রতিযোগিতায় এ বছর মেতে উঠেছে সারা পৃথিবী।

এই খেলার জন্ম ইংল্যান্ডে। তখন এ খেলার কোনো বাঁধাধরা নিয়ম ছিলো না। ১৮৬৩ সালে ফুটবল অ্যাসোসিয়েশন অথবা এফ. এ. গঠিত হয়। এরাই প্রথম ফুটবল খেলার নিয়মকানুন বেঁধে দেয়। তারপর আন্তর্জাতিক ফুটবল অ্যাসোসিয়েশন – যাকে সংক্ষেপে বলা হয় ফিফা – তা গঠিত হয় ১৯০৪ সালে। এরাই ১৯৩০ সাল থেকে চার বছর পর-পর বিশ্বকাপ প্রতিযোগিতা শুরু করে। প্রথমবার জয়ী হয়েছিলো দক্ষিণ অ্যামেরিকার উরুগুয়ায়। তারপর পরপর দুবার জয়ী হয় ইটালি। কিন্তু বিশ্বকাপে সবচেয়ে শক্তিশালী দল হিসেবে নাম করে ব্রাজিল। এই দলের সবচেয়ে সেরা খেলোয়াড় পেলে। এখনো তিনি বিশ্বের সবচেয়ে সেরা ফুটবলার নামে পরিচিত। ব্রাজিল তিনবার জয়ী হয়েছে বিশ্বকাপ প্রতিযোগিতায়।

ফুটবলের জন্ম ইংল্যান্ডে, তবু বিশ্বকাপে এ দেশ একবারই জয়ী হয়েছে – ১৯৬৬ সালে। ৪০ বছর আগেকার সেই বিজয় নিয়ে এ দেশের লোকেরা এখনো গর্ব করে। এখন একবার ইংল্যান্ডকে জয়ী হতেই হবে।

(ক) লেখকের মতে ফুটবল সবচেয়ে জনপ্রিয় কেন? একটি কারণ লেখো।

..............................................................................................................

*(1 mark)*

(খ) ফুটবল খেলার নিয়মকানুন কখন থেকে চালু করা হয়?

..............................................................................................................

*(1 mark)*

(গ) বিশ্বকাপ ফুটবলের আয়োজন কারা করে? কবে থেকে?

..............................................................................................................

..............................................................................................................

*(2 marks)*

(ঘ) বিশ্বকাপে ইংল্যান্ডের রেকর্ড কেমন?

..............................................................................................................

*(1 mark)*

**Turn over for the next question**

5

LEAVE MARGIN BLANK

## SECTION B

Questions and answers in **English**.

**10** Read the following passage and answer the questions that follow.

পার্কে বসে রুনা, সাবিহা আর মনি গল্প করছিলো। রুনা হঠাৎ প্রশ্ন করলো, "বল দেখি, পৃথিবীতে কি সবচেয়ে দামী?" সাবিহা উত্তর দিলো, "টাকাই সবচেয়ে দামী। এখন যে-জাতি যতো ধনী, তার ততো ক্ষমতা। টাকার জোর থাকলে কি না করা যায়!" এর পরে মনি বলে উঠলো, "তোমার কথা কিছুটা মানি। তবে আমার মতে, এ যুগে টাকার চেয়েও বেশি দামী হলো সময়। ঘড়ির চাইতে বড়ো মনিব আমাদের আর নাই। তাই আমরা শনি-রবিবারের জন্যে অপেক্ষা করে থাকি।"

ছুটির দিনকে ভালোভাবে উপভোগ করা উচিত। অনেকে কিছু কিছু কাজ ছুটির জন্যে জমিয়ে রাখে। বিশেষ করে এ দেশে বাজার করা, ঘরবাড়ি পরিষ্কার করা ইত্যাদি কাজের জন্যে অনেকেই শনি-রবিবারে খুব ব্যস্ত থাকে। কিন্তু এটা ঠিক না। ছুটির দিন শুধু ছুটির দিন। অনেকেই ছুটির দিনে কোথাও বেড়াতে যায়। কেউ বা দল বেঁধে সিনেমা অথবা বাইরে খেতে যায়। কারো ভালো লাগে ঘরে বসে ভিডিও গেইম খেলতে অথবা কেউ গান শোনে।

আমরা আজ অনেকেই ছুটির দিনের আনন্দের কথা ভুলে গেছি। এ ছাড়া, ছুটির দিনগুলিকে ভালোভাবে উপভোগ করার সুযোগ, সময় বা টাকাপয়সাও অনেকের হয়তো থাকে না। তবুও এ কথা মনে রাখা দরকার যে, আমাদের সকলেরই ছুটির প্রয়োজন।

(a) What was the theme of conversation among the friends?

.......................................................................................................................

*(1 mark)*

(b) How did Sabiha's opinion differ from that of Moni? Explain your answer.

.......................................................................................................................

.......................................................................................................................

*(2 marks)*

(c) Some people do not relax at weekends. Why?

.......................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

(d) Mention **three** weekend leisure activities.

1 ..........................................................................................................................

2 ..........................................................................................................................

3 ..........................................................................................................................

*(3 marks)*

(e) Why is it not possible for everyone to enjoy leisure time the way they would like to? Mention **two** things.

1 ..........................................................................................................................

2 ..........................................................................................................................

*(2 marks)*

**END OF QUESTIONS**

**9**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

Copyright © 2006 AQA and its licensors. All rights reserved.